স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৮

# বাংলা

## ( আধুনিক ভারতীয় ভাষা )

( চতুর্থ ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGL–401

( বাংলা কথাসাহিত্য ও ভাষা )

## ( বিজ্ঞান / কলা / বাণিজ্য বিভাগ )

পূর্ণমান : ৫০
উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

SATYA RANJAN C... ESTD. 1992 KALAIN, CACHAR

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

[ বিভিন্ন শাখার ছাত্র-ছাত্রীরা তাদের শাখা অনুযায়ী প্রশ্নের উত্তর করবে ]

## ( বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। (ক) 'আরোগ্য নিকেতন' কোন্ ধরনের প্রতিষ্ঠান? এর নামকরণ কে করেছিলেন? 'নিদান হাঁকা' বিষয়টি কী? জীবনমশায়ের চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১+২+১০=১৪

WWW.SRCOLLEGE.AC.IN

(2)

অথবা

(খ) 'আরোগ্য নিকেতন' উপন্যাসের প্রকাশকাল কত? তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অন্য দুটি উপন্যাসের নাম লেখো। 'আরোগ্য নিকেতন' উপন্যাসে নবীন-প্রবীণের যে দ্বন্দ্ব পরিলক্ষিত হয়, সে সম্পর্কে আলোচনা করো।

১+২+১১

২। (ক) "এই আমার ডিটেকটিভ পদের প্রথম চোর ধরা।" এই ডিটেকটিভের নাম কী? তাঁর জীবনের দুটি মাত্র লক্ষ্য কী কী? তাঁর এই পদের প্রথম চোর ধরার কাহিনিটি সংক্ষেপে বর্ণনা করো।

১+২+১১=

অথবা

(খ) 'নিশীথে' গল্পের জমিদারের নাম কী? তাঁর বাড়ি কোথায় ছিল? তাঁর দ্বিতীয় স্ত্রীর নাম কী? 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত রসের গল্প বলা যায় কি না, বিচার করো।

১+১+১+১১=

৩। যে কোনো একটি বিষয়ে নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো :

(ক) সভ্যতার অগ্রগতিতে বিজ্ঞান

(খ) তোমার জীবনের আদর্শ বিজ্ঞানী

(গ) নদী সংরক্ষণ

(ঘ) প্রকৃতি ও পরিবেশ রক্ষায় বিজ্ঞান

WWW.SRCOLLEGE.AC.IN

। লেখো ( যে কোনো দুটি ) : ৪×২=৮

(ক) আতরবউ

(খ) 'আরোগ্য নিকেতন' উপন্যাসের রঙ্গলাল ডাক্তার

(গ) 'আপদ' গল্পের সতীশ

(ঘ) 'বিচারক' গল্পের মোহিতমোহন

SATYA RANJAN COLLEGE ESTD. 1984 KALAIN, CACHAR

## ( কলা বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। (ক) 'শ্রীকান্ত' উপন্যাসে মোট কয়টি খণ্ড আছে? 'শ্রীকান্ত' উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? আত্মজীবনীমূলক উপন্যাস হিসাবে 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) উপন্যাসের সার্থকতা আলোচনা করো। ১+২+১১=১৪

অথবা

(খ) শ্রীকান্তর পিসেমশাইয়ের নাম কী? মেজদা কতবার এন্ট্রান্স পরীক্ষায় ফেল করেছেন? নতুনদা কে? শ্রীনাথ বহুরূপীর বাড়ি কোথায়? 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) অবলম্বনে শ্মশান অভিযানের অভিজ্ঞতা বর্ণনা করো। ১+১+১+১+১০=১৪

WWW.SRCOLLEGE.AC.IN

২। (ক) মধ্য বাংলার স্তর কয়টি ও কী কী? 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্য বাংলার কোন্ স্তরের নিদর্শন? আদি-মধ্য বাংলার বিশেষত্ব সম্বন্ধে আলোচনা করো। (১+২)+১+...

অথবা

(খ) বাংলা শব্দভাণ্ডারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে ও কী কী? বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। (১+২)+...

৩। টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩

(ক) চলিত ভাষা

(খ) কুমার বাহাদুরের শিকার পার্টি

(গ) মাগধী প্রাকৃত

(ঘ) শ্রীকান্তর মেজদা

(ঙ) বিদেশি শব্দ

৪। (ক) সাধুভাষা কাকে বলে? সর্বনাম ও ক্রিয়াপদের ক্ষেত্রে সাধু-চলিতের পার্থক্য নির্ণয় করো।

অথবা

(খ) সাধুভাষায় রূপান্তরিত করো :

" 'সংসারের সকল বিভাগেই এই যে, চাই চাই'-এর হাট বসে গেছে, এরই আশে পাশে মানুষ একটা ফাঁক খোঁজে সেখানে তার মন বলে 'চাইনে', অর্থাৎ এমন কিছু চাইনে যেটা লাগে সঞ্চয়ে। তাই দেখতে পাই, প্রয়োজনের এত চাপের মধ্যেও মানুষ অপ্রয়োজনের উপাদান এত প্রভূত করে তুলেছে। অপ্রয়োজনের মূল্য তার কাছে এত বেশী।"



SATYA RANJAN COLLEGE ESTD 1982 KALAIN, CACHAR

(ক) বাংলা বানানরীতির কয়েকটি বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা

(খ) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

ভৌগলিক ; রামায়ন ; আশিষ ; তত্তিক ; পূণ্যবান ; মুহূর্ত ; মধুসুদন।

SATYA RANJAN ... ESTD 1992 KALAIN, CACHAR

## ( বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

(ক) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটি প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত? এই গল্পের নারী চরিত্রটির নাম কী? "এ গল্পে কোথাও মহাযুদ্ধের ছায়াপাত নেই, ভাবালুতা নেই, অথচ গল্পটি হঠাৎ যেন কোথায় মাটিকে স্পর্শ করেছে। তেলেনাপোতা স্মৃতি নয়, স্বপ্ন নয়, বাস্তবও নয়।" আলোচনা করো। ১+১+১২=১৪

অথবা

(খ) প্রেমেন্দ্র মিত্র কোন্ পত্রিকাগোষ্ঠীর লেখক ছিলেন? প্রেমেন্দ্র মিত্রের প্রথম গল্প কোনটি? কোন্ গল্পগ্রন্থে এটি প্রকাশিত হয়? ছোটগল্পকার হিসেবে প্রেমেন্দ্র মিত্রের বৈশিষ্ট্য নিরূপণ করো। ১+১+১+১১=১৪

WWW.SRCOLLEGE.AC.IN

(6)

(ক) "তাহারা পরস্পরকে আর বুঝি ছাড়িতেও পারিবে না। প্রেম নয়, তাহার চেয়ে তীব্র, তাহার চেয়ে গভীর উন্মাদনাময় বিদ্বেষ ও বিতৃষ্ণার শৃঙ্খলে তাহারা পরস্পরের সহিত আবদ্ধ।" 'তাহারা' বলতে কাদের কথা বলা হয়েছে? প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্পে এই কথাগুলো উল্লিখিত হয়েছে? প্রসঙ্গটি বর্ণনা করে গল্পের অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ২+১+১১=

অথবা

(খ) 'স্টোভ' গল্পের নায়কের নাম কী? তার স্ত্রীর নাম কী? তাদের সংসারে হঠাৎ এসে কে আলোড়ন তুলেছিল? "দাম্পত্য সম্পর্কের জটিলতা প্রেমেন্দ্র মিত্রের প্রিয় বিষয়। এই থীম বারে বারে ফিরে এসেছে তাঁর বহু গল্পে।" তোমার পঠিত 'স্টোভ' গল্পেও দাম্পত্য সম্পর্কের জটিলতার পরিচয় পাওয়া যায়। গল্পটি আলোচনা করে বুঝিয়ে দাও। ১+১+১+১১=১৪

SATYARANJAN COLLEGE ESTD 1982 KALAIN, CACHAR

৩। সারাংশ লেখো :

"মুদ্রাস্ফীতির ফলে নয়, মধ্যবিত্তের জীবনে আজ অভাব আর মেটে না ক্রমবর্ধমান ভোগবাদের ফলে। একটির পর একটি নতুন ভোগ্যবস্তু বাজারে এসে পৌঁছচ্ছে; জীবনের সুখ যে সেটি ছাড়া নিতান্তই অসম্পূর্ণ এ কথা বোঝাবার জন্য প্রচারযন্ত্র তৎপর হয়ে উঠছে; গৃহস্থও সেইরকম বুঝতে দেরি করছেন না। প্রাচীনেরা বিশ্বাস করতেন, ঈশ্বরের জন্য আকাঙ্ক্ষাই উন্নতির উপায়। এ যুগের মানুষ বিশ্বাস করে, ভোগের আকাঙ্ক্ষাই উন্নতির উপায়।

ভোগবাদের সঙ্গে আধুনিক জগতের কিছু মূল বৈশিষ্ট্যের যোগ আছে। বিজ্ঞান মানুষকে দিয়েছে শক্তি, বাহ্য-প্রকৃতির ওপর কর্তৃত্ব। শিল্পবিপ্লবের ফলে মানুষের সঙ্গে প্রকৃতির সম্পর্কের ভিতর একটা পরিবর্তন ঘটে গেছে। ক্রীতদাস যেমন মালিকের আজ্ঞাবহ ভোগের বস্তু, প্রকৃতির ওপর ঐরকমের একটা আধিপত্য স্থাপন করবার দিকে ঝোঁক নাগরিক সভ্যতার। প্রকৃতি দাস, মানুষ প্রভু, বিজ্ঞান সেই প্রভুত্ব কায়েম করবার উপায়। ভালোবাসা থেকে যা পাওয়া যায়, প্রভুত্ব থেকে তা পাওয়া সম্ভব নয়। প্রভুত্ব থেকে ভোগের তৃপ্তিই সম্ভব। সেটাই তখন হয়ে ওঠে লক্ষ্য। শেষ অবধি অবশ্য ভোগের তৃপ্তিও লাভ হয় না। দারিদ্র যেমন একটা বন্ধন, যেটা ভাঙা দরকার, ভোগস্পৃহাও তেমনি একটা বন্ধন। এটা ভাঙা কঠিন।"

যে কোনো একটি বিষয়ে রচনা লেখো : ১৬

(ক) আসামের কুটিরশিল্প

(খ) কৃষি উৎপাদনে বরাকের অনগ্রসরতার কারণ

(গ) বাণিজ্যে বিজ্ঞাপনের ভূমিকা

(ঘ) দেশ ও সমাজের উন্নতিতে বাণিজ্যের ভূমিকা

★★★

WWW.SRCOLLEGE.AC.IN